গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২. বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০১.০২.০১৭.১৫ (অংশ-২)

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

# ISBN গাইডলাইন

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অধীন বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার কর্তৃক অনলাইনে ISBN (Intemational Standard Book Number) প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত অনলাইন ISBN নির্দেশিকা জারি করা হলো:

## ক. ISBN রেজিস্ট্রেশন

১. পুস্তকের ISBN পেতে হলে সর্বপ্রথম www.nanl.gov.bd তে গিয়ে ISBN সেবাবক্সে অথবা isbn.teletalk.com.bd এ প্রবেশ করে রেজিস্ট্রেশন করতে হবে।

২. প্রকাশকগণ Publisher Registration অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি যেমন- হালনাগাদ ট্রেড লাইসেন্স (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), জাতীয় পরিচয়পত্র (NID) (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), স্বত্বাধিকারীর ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে অথবা ফটো তুলে PNG ফরমেটে আপলোড করতে হবে।

৩. কেবল পুস্তক প্রকাশনার ট্রেড লাইসেন্স দিয়ে Publisher Registration করা যাবে। বই বিক্রেতা বা অন্য কোনো ব্যবসায়িক ট্রেড লাইসেন্স দিয়ে ISBN এর জন্য প্রকাশক রেজিস্ট্রেশন করা যাবে না।

৪. লেখকগণ Author Registration অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি যেমন: জাতীয় পরিচয়পত্র (NID) (সর্বোচ্চ ৬০০×৬৫০ পিক্সেল), লেখকের ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে আপলোড করতে হবে।

৫. Organization Registration অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি যেমন : organization-এর প্রধান অথবা দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয় পত্র (NID) (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) এবং স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে PNG ফরমেটে আপলোড করতে হবে।

৬. Title page, Copyright page/Printers line, Preface, Table of contents এবং Manuscripts এর ক্ষেত্রে page গুলো আলাদা আলাদাভাবে PNG ফরমেটে আপলোড করতে হবে।

## খ. ISBN এর জন্য আবেদন

১. ISBN বরাদ্দ পাওয়ার জন্য Application for ISBN অপশনে গিয়ে Login করতে হবে।

২. ISBN Application Form এ পুস্তক সম্পর্কিত তথ্যাদি যেমন- পুস্তকের শিরোনাম, লেখকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে সম্পাদক/অনুবাদকের নাম), মূল্য, ভাষা, সাইজ, প্রকাশের তারিখ, বিষয় প্রভৃতি দিয়ে Submit করতে হবে এবং বর্ণিত স্টেটমেন্টের অপশনে ক্লিক করে Confirm করতে হবে।

৩. লেখক কেবল তার লেখা এবং সম্পাদিত পুস্তকের জন্য আবেদন করতে পারবেন। অন্য কারো পুস্তকের জন্য তার রেজিস্ট্রেশন করা ID থেকে ISBN এর জন্য আবেদন করতে পারবেন না।

৪. জার্নাল, ম্যাগাজিন, সাময়িকী, বার্ষিক প্রতিবেদন, সংবাদপত্র অর্থাৎ যে সকল প্রকাশনা প্রতিদিন, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক বা বার্ষিক ভিত্তিতে প্রকাশিত হয়, সে সকল প্রকাশনার ISBN প্রদান করা হয় না।

৫. বাংলায় তথ্য প্রদানের জন্য ইউনিকোড ব্যবহার করতে হবে।

## গ. ISBN ফি ও পরিশোধ পদ্ধতি

১. প্রতিটি পুস্তকের ISBN ফি সরকার কর্তৃক নির্ধারিত ২০০/-(দুইশত) টাকা। অনলাইন সার্ভিস চার্জ হিসেবে অতিরিক্ত ২৩/- টাকা যুক্ত হবে। ফলে মোট ২২৩ টাকা পরিশোধ করতে হবে।

২. ISBN এর আবেদন Submit করার পর প্রাপ্ত pdf ফাইলের নির্দেশনা মোতাবেক ISBN ফি টেলিটক অপারেটরের মাধ্যমে পরিশোধ করতে হবে।

**ঘ. ISBN অনুমোদন পদ্ধতি (অফিসের জন্য প্রযোজ্য)**

অনলাইনে ISBN এর অনুমোদন প্রক্রিয়ায় নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

i. প্রকাশনা সংস্থার ক্ষেত্রে পুস্তক প্রকাশনার ট্রেড লাইসেন্স আপলোড করা হয়েছে কিনা? যদি না হয়, তাহলে ISBN এর আবেদন করার অনুমতি দেয়া যাবে না।

ii. লেখক তার রেজিস্ট্রেশন আইডি ব্যবহার করে অন্য লেখকের পুস্তকের জন্য আবেদন করছেন কিনা? যদি করেন, তাহলে ISBN ফি পরিশোধ করা হলেও উক্ত আবেদনের অনুকূলে ISBN দেয়া যাবে না।

iii. পুস্তক ব্যতীত নিয়মিতভাবে প্রকাশিত প্রকাশনা যেমন- জার্নাল, ম্যাগাজিন প্রভৃতির জন্য আবেদন করছেন কিনা? যদি করেন, তাহলে ISBN ফি পরিশোধ করা হলেও উক্ত আবেদনের অনুকূলে ISBN দেয়া যাবে না।

iv. পুস্তকের শিরোনাম বা বিষয় কুরুচিপূর্ণ, বর্ণ বা ধর্ম বিদ্বেষ কিনা? যদি হয়, ISBN ফি পরিশোধ করা হলেও উক্ত আবেদনের অনুকূলে ISBN দেয়া যাবে না।

**ঙ. ISBN প্রাপ্তির সময়সীমা**

অনলাইনে ISBN এর আবেদন জমা ও ফি প্রদানের ২৪ ঘণ্টার (সরকারি ছুটির দিন ব্যতীত) মধ্যে ISBN প্রদান করা হবে।

**চ. ISBN প্রাপ্তি**

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হওয়ার পর লেখক ও প্রকাশকগণ রেজিস্ট্রেশনের সময় প্রাপ্ত User ID দিয়ে লগইন করে ড্যাশবোর্ড হতে ISBN সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন।

**ছ. যোগাযোগ**

ISBN অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। ই-মেইল: mahfuzabnl@gmail.com

**জ.** ISBN অফিসার, এই নির্দেশিকা মোতাবেক চীফ বিবলিওগ্রাফার/ উপপরিচালক-এর অনুমোদনক্রমে অনলাইনে ISBN অনুমোদন করবেন।

**ঝ.** এই নির্দেশিকা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(খন্দকার জহিরুল ইসলাম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২২২১৮৩৪৬
ইমেইল: dg@nanl.gov.bd


স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০১.০২.০১৭.১৫ (অংশ-২)

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (লাইব্রেরি), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩। প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৫। উপপরিচালক (প্রশাসন), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৬। ISBN অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (উক্ত নির্দেশিকা মোতাবেক অনলাইনে ISBN অনুমোদন দিবেন)।
৭। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।